

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫৩

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬

১০ অক্টোবর ২০১৯

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোনো সতর্কবার্তা নেই।

আজ ১০ অক্টোবর ২০১৯ খ্রীঃ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:  
ময়মনসিংহ, সিলেট, টাংগাইল, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উড়িয়া, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ অতিক্রম করে বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল থেকে মাঝারী অবস্থায় বিরাজ করছে।

পূর্বাভাসঃ চট্টগ্রাম ও বরিশাল বিভাগের অধিকাংশ জায়গায়; ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের কার্যকারীতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.০	৩১.৫	৩৩.৫	৩৪.০	৩১.৩	৩০.০	৩১.০	২৯.৮
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.২	২২.৫	২৩.৪	২২.৬	২২.৮	২১.১	২৩.০	২৩.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল শ্রীমঙ্গল ৩৪.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২১.১° সেঃ।

বৃষ্টিপাত ও নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- সুরমা-কুশিয়ারা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।

- আগামী ৭২ ঘন্টায় দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	৯৩	বিগত ২৪ ঘন্টায় পানি সমতল অপরিবর্তিত	০৪
বিগত ২৪ ঘন্টায় পানি সমতল বৃদ্ধি	২৭	মোট তথ্য পাওয়া যায়নি	০০
বিগত ২৪ ঘন্টায় পানি সমতল হ্রাস	৬২	বিপদসীমার উপরে	০০

বৃষ্টিপাতের তথ্যঃ গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
ময়মনসিংহ	১০৫.০	লামা	৯৪.০
টেকনাফ	৬১.০	দুর্গাপুর	৬০.০
চাঁদপুর বাগান	৫৬.০	বরগুনা	৫৩.০
খুলনা	৫০.০	যশোর	৪৩.৩

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১০ অক্টোবর ২০১৯ খ্রীঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী): নেই।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ০৮/১০/২০১৯খ্রীঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৯/১০/২০১৯খ্রীঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। অগ্নিকান্ডে ব্রাহ্মণবাড়ীয়া জেলার নবীনগর উপজেলায় ২ (দুই) নিহত হয়েছে। বিভাগভিত্তিক তথ্য নিম্নে দেয়া হলোঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	২	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	২	০	২
৮।	খুলনা	০	০	০
	মোট	৭	০	২

উল্লেখযোগ্য অগ্নিকান্ডঃ

ব্রাহ্মণবাড়ীয়াঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে ডিউট অফিসার টেলিফোনে জানান যে, গতকাল রাত ৩টায় ব্রাহ্মণবাড়ীয়া জেলার নবীনগরে এলপিজি সিলিডার বিস্ফোরণে ২ (দুই) জন নিহত হয়। মৃতদের লাশ থানায় হস্তান্তর করা হয়েছে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য পরবর্তীতে জানানো হবে।

২। ইহা মহোদয়ের সদয় অবগিতর জন্য প্রেরণ করা হলো।

১১-১০-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫৩/১(৬৫)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬  
১০ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



১১-১০-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা